দৈনিক ইত্তেফাক
তারিখ DEC. 1 O 1999
পৃষ্ঠা ৪ কলাম ৫

## বার দিনে এসএসসি পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে

পাঁচটি শিক্ষা বোর্ড আগামী এসএসসি পরীক্ষা বার দিনে গ্রহণ এবং সত্তর দিনে উহার ফলাফল প্রকাশ করার সিদ্ধান্ত ঘোষণা করিয়াছে। ইহা শিক্ষার্থীদের জন্য কতখানি কল্যাণকর হইবে, সেই বিষয়ে ভাবনার অবকাশ রহিয়াছে। একটি বিষয়ের উপর পরীক্ষা দেওয়ার পূর্বে পরীক্ষার্থীকে সেই বিষয়টি একবার উল্টাইয়া-পাল্টাইয়া দেখিতে হয়। আর তাহার জন্য কমপক্ষে একদিন সময়ের প্রয়োজন। কিন্তু একটানা বারদিন পরীক্ষা গ্রহণ করা হইলে পরীক্ষার্থী সেই সুযোগটুকুও পাইবে না। ফলে পরীক্ষা যে আশানুরূপ হইবে না, তাহা বলাই বাহুল্য। ইহাতে নকল প্রবণতা বৃদ্ধিরও আশঙ্কা রহিয়াছে। ছাত্র-ছাত্রীদের শিক্ষা-জীবন সংক্ষিপ্ত করিবার উদ্দেশ্যে উক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। কিন্তু এসএসসি পরীক্ষার পর উচ্চ মাধ্যমিক (এইচএসসি), স্নাতক এবং মাষ্টার্স সম্পূর্ণ করা পর্যন্ত শিক্ষার্থীদের সেশনজট ও অন্যান্য সমস্যার সম্মুখীন হইতে হইবে। ফলে শিক্ষাজীবন তাড়াতাড়ি শেষ করার যে কথা বলা হইতেছে, তাহা সম্ভব হইবে না। ইহাছাড়া সত্তর দিনে এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হইবে-ইহা প্রশংসা জানাইবার মত একটি উদ্যোগ। কিন্তু তাড়াহুড়া করিতে গিয়া ত্রুটিপূর্ণ ফলাফল যাহাতে প্রকাশ করিতে না হয়, সেদিকেও লক্ষ্য রাখা জরুরী। কারণ কম্পিউটার চালনায় অদক্ষতার কারণে পরীক্ষার্থীর ফলাফল খারাপ হইবার নজির রহিয়াছে। অর্থাৎ কথা হইতেছে পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের বিষয়টি যাহাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হইতে পারে এবং পরীক্ষার্থীদের বিপাকে পড়িতে না হয়, সেদিকটি বিবেচনা করিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

আশিস আচার্য,
গ্রাম ও ডাক ঃ দক্ষিণভাগ,
উপজেলা ঃ বড়লেখা,
জেলা ঃ মৌলভীবাজার।